

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, ২০২১-২০২২ বাস্তবায়নের অংশ হিসেবে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে অনুষ্ঠিত ১ম সভার কার্যবিবরণী।

সভাপতি : আবুল কালাম আজাদ  
তারিখ : ৮ ডিসেম্বর, ২০২১  
সময় : সকাল ১১.০০ টা  
স্থান : অনলাইন, জুম মিটিং  
উপস্থিতি : রেকর্ডেড

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সভার শুরুতে বিস্ফোরক পরিদপ্তরের শুদ্ধাচারের ফোকাল পয়েন্ট, জনাব ড. মোঃ আব্দুল হান্নান আলোচ্যসূচি উপস্থাপন করেন। শুদ্ধাচার ও উত্তম চর্চার গুরুত্ব সভাপতি তাঁর আলোচনার মাধ্যমে সভায় তুলে ধরেন। শুদ্ধাচার ও উত্তম চর্চার গুরুত্বারোপ করে তিনি বলেন, ব্যক্তি ও সমাজ জীবনে শুদ্ধাচার ও উত্তম চর্চা অপরিসীম ভূমিকা পালন করে। সেবা গ্রহীতা এবং সেবা দাতা উভয়ের ক্ষেত্রে শুদ্ধাচার ও উত্তম চর্চার ভূমিকা রয়েছে।

সভাপতি সভায় অংশগ্রহণকারী অংশীজনের উদ্দেশ্য করে বলেন, অত্র দপ্তরের সকল সেবাগ্রহীতার কার্যক্রম এক নয়। বিস্ফোরক আইন ও পেট্রোলিয়াম আইনের আওতাধীন বিভিন্ন বিধিমালা অনুসারে এই দপ্তর হতে সেবা প্রদান করা হয়। সেক্ষেত্রে দ্রুততার সাথে সেবা প্রদানের লক্ষ্যে সেবাদাতা ও সেবাগ্রহীতা উভয়ের মধ্যে পারস্পরিক সহযোগিতা ও অন্তরিকতা প্রয়োজন।

অত্র দপ্তরের সেবা গ্রহণের ক্ষেত্রে সভায় উপস্থিত অংশীজনের কোনো অভিযোগ/ মতামত/ পরামর্শ রয়েছে কিনা তিনি জানতে চান। সেবাগ্রহীতার মধ্যে উপস্থিত জনাব মাহবুবা আক্তার, অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার, বার্জার পেইন্ট বাংলাদেশ লিমিটেড জানান, অনাপত্তি সংক্রান্ত সেবা আমরা নিয়মিত গ্রহণ করে থাকি। কিছু ক্ষেত্রে অনাপত্তিপত্র সঠিক সময় না পাওয়ায় পণ্য ছাড়করণের ক্ষেত্রে সময়ক্ষেপণ এবং পোর্টে ক্ষতিপূরণ দিতে হয়। তিনি সভাপতিকে উদ্দেশ্য করে বলেন সঠিক সময় অনাপত্তিপত্র পোর্টালে প্রকাশ করলে আমাদের প্রতিষ্ঠানের ক্ষতিপূরণ সংশ্লিষ্ট সমস্যা সমাধান হবে। সভায় উপস্থিত অন্যান্য সেবা গ্রহীতার জানান, সেবা গ্রহণ নিয়ে তাদের বিশেষ কোনো অভিযোগ নেই। তারা সন্তোষ প্রকাশ করে বলেন তারা সঠিক সময় সেবা পেয়ে থাকেন।

সভাপতি ওয়েবপোর্টালের সমস্যা সম্পর্কে উপস্থিত সবাইকে অবহিত করে বলেন যে, বর্তমান সরকার দ্রুত সেবা প্রদানের লক্ষ্যে পোর্টালের উন্নয়নে বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করছেন। সেক্ষেত্রে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল এবং এটুআই ই-নথির মানোন্নয়নের কার্যক্রম পরিচালনা করছেন বিধায় বিস্ফোরক পরিদপ্তরের ওয়েবপোর্টালে অনাপত্তিপত্র এবং আমদানি লাইসেন্স সংক্রান্ত তথ্য নিয়মিত প্রকাশ করতে সমস্যা হচ্ছে। এ দপ্তর থেকে সেবা প্রদানের ক্ষেত্রে যেন অযথা সময়ক্ষেপণ না হয় সে বিষয়ে সকল কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করে সভাপতি বলেন যতই কাজ থাকুক না কেন যথাসময়ে অনাপত্তিপত্র সেবাগ্রহীতাদের প্রেরণ করতে হবে এবং ওয়েবপোর্টালে প্রকাশ করতে হবে। তিনি বলেন এ দপ্তরের সকল এনওসি আমার আইডিতে আসে এবং আমি শত ব্যস্ততার মাঝেও সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রেরণ করে দেই। তিনি সহকারী বিস্ফোরক পরিদর্শকদের উদ্দেশ্য করে বলেন ৩ (তিন) দিনের মধ্যে অনাপত্তি সংক্রান্ত সেবা নিশ্চিত করতে হবে। সভাপতি সেবা প্রদানের ক্ষেত্রে সেবা গ্রহীতাদের সর্বোচ্চ সহযোগিতা করার প্রত্যয় ব্যক্ত করেন।

সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

- সকল ক্ষেত্রে শুদ্ধাচার ও উত্তম চর্চার প্রয়োগ করতে হবে।
- সেবা গ্রহীতাদের সেবা প্রদানের ক্ষেত্রে সর্বোচ্চ সহযোগিতা করতে হবে।
- নির্ধারিত সময়ের মধ্যে দ্রুত সেবা প্রদান করতে হবে।

২। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(আবুল কালাম আজাদ)

প্রধান বিস্ফোরক পরিদপ্তর, বাংলাদেশ

টেলিফোন: ২২২২২৫২৫৮

ই-মেইল: [dhaka@explosives.gov.bd](mailto:dhaka@explosives.gov.bd)